

2020  
BENGALI (Honours)  
Fifth Paper  
[New Syllabus Old Pattern]

Full Marks : 100

Time : Four Hours

দক্ষিণ পাশ্চাত্য সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) ট্র্যাজেডির সংজ্ঞা দাও। ট্র্যাজেডি নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে একটি বাংলা ট্র্যাজেডির সংক্ষিপ্ত আলোচনা করো।

অথবা,

অ্যাবসার্ড নাটক কাকে বলে ? একটি বাংলা অ্যাবসার্ড নাটকের আলোচনা করো।

(খ) ঐতিহাসিক নাটক কাকে বলে ? একটি সার্থক বাংলা ঐতিহাসিক নাটকের আলোচনা করো।

অথবা,

‘রূপক’ নাটক কাকে বলে ? রূপক ও সাংকেতিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২। যে কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ৮×২=১৬

(ক) ‘ন্যাশনাল থিয়েটার’ সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ লেখো।

(খ) ‘নাট্য নিয়ন্ত্রণ আইন’ বলতে কী বোঝো ? নাট্য নিয়ন্ত্রণ আইন বাংলা নাটক ও রঙ্গমঞ্চকে কতখানি প্রভাবিত করেছিল আলোচনা করো।

(গ) নাট্যব্যক্তিত্বরূপে বিনোদিনী দাসীর মূল্যায়ন করো।

(ঘ) নৃত্যনাট্য বলতে কী বোঝো ? রবীন্দ্রনৃত্যনাট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। ‘জমীদার দর্পণ’ নাটকে গানের ভূমিকা আলোচনা করো। ১৪

অথবা,

‘জমীদার দর্পণ’ নাটকে নারী চরিত্রগুলির পরিচয় দাও। ১৪

৪। রূপক-সাংকেতিক নাটক হিসেবে ‘ডাকঘর’ নাটকের সার্থকতা বিচার করো। ১৪

অথবা,

‘ডাকঘর’ নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো।

৫। ট্র্যাজেডি নাটক হিসেবে ছেঁড়াতার নাটকটির সাফল্য বিচার করো। ১৪

অথবা,

‘ছেঁড়াতার’ নাটকের ত্রিবিধ দ্বন্দ্বের পরিচয় দাও।

৬। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :

১×৬=৬

- (ক) “চুপ ক’ল্লেম বটে, কিন্তু আমার ভাল বোধ হচ্ছে না, যাই করুন, আগে পাছে বিবেচনা করে করবেন।”— কে কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছে ?
- (খ) ‘জমীদার দর্পণ’ নাটকের অঙ্ক সংখ্যা কতো ?
- (গ) ‘ডাকঘর’ নাটকে কয়জন কবিরাজ আছেন? তাদের নাম লেখো ?
- (ঘ) বোলো যে ‘সুখা তোমাকে ভোলেনি’— সুখা কে ? সে কাকে ভোলেনি ?
- (ঙ) ‘ছেঁড়াতার’ নাটকটি প্রথম কত সালে অভিনীত হয় ?
- (চ) ‘ছেঁড়াতার’ নাটকে কয়টি গান আছে ?
- (ছ) ‘ডাকঘর’ নাটকটির রচনাকাল উল্লেখ করো।
- (জ) ‘জমীদার দর্পণ’ নাটকের নায়ক কে ?

৭। ‘অশ্বখামা’ নাটকের মূলভাব সংক্ষেপে আলোচনা করো।

১০

অথবা,

‘সরীসৃপ’ নাটকের নামকরণ কতোটা যুক্তিযুক্ত আলোচনা করে বোঝাও।

৮। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :

১×৬=৬

- (ক) ‘মুক্তি নেই... আমাদের মুক্তি নেই’— যে নাটকের অংশ বিশেষ ?
- (খ) সরীসৃপ নাটকে মেয়েটিকে তাড়া করেছিল যে গুণ্ডা— তার নাম কী ?
- (গ) ‘মিনার্ভার প্লে ভাঙল যেন’ — কোন নাটকের অংশ ?
- (ঘ) রাক্ষসের কাছে শেষ পর্যন্ত কে কার নির্দেশে পৌঁছেছিল ?
- (ঙ) বিদ্যুৎপর্ণার তিনসার্থীর একজন বন্ধরাজ। অন্য দুইজন কে ? তাদের নাম লেখো।
- (চ) ‘আপনার শিক্ষা আমাকে ঘুম পাড়িয়ে রাখতে চায়’ — এই উক্তিটি কার ?
- (ছ) রাক্ষস একাঙ্কে রাজা ও রাজকন্যার নাম কী ছিল ?
- (জ) ‘ঘুম নেই’ নাটকের প্রকাশ কাল লেখো।